

মরুর বুকে পঁচ তারকা ভ্রমণ ড্রিম অব দ্য ডেজার্ট

- A Monitor Desk Report

Date: 29 January, 2025



রিয়াদ : মরুর বুকে বিলাসবহুল রেল ভ্রমণের নতুন মানদণ্ড স্থাপন করতে যাচ্ছে সৌদি আরব, যা দেশটির স্থানীয় ঐতিহ্যের সঙ্গে আধুনিকতার মেলবন্ধন ঘটবে বলে বিশ্বাস উদ্যোক্তাদের। ইতালিয়ান কোম্পানির সঙ্গে অংশীদারত্বে বাস্তবায়ন হতে যাচ্ছে ‘ড্রিম অব দ্য ডেজার্ট’ নামের এ প্রকল্প।

সম্প্রতি সামনে এসেছে পঁচ তারকা মানের ট্রেনটির অন্তর ও বাহ্যিক সজ্জার কিছু স্থিরচিত্র। বলা হচ্ছে, এর অভ্যন্তরীণ নকশায় ব্যবহৃত পরিশীলিত কারুকাজের অনুপ্রেরণা মরুর প্রাকৃতিক দৃশ্য ও সৌদি স্থাপত্য ঐতিহ্য। সেখানে মেটো রঙ, বিলাসী উপকরণ ও জটিল অলংকরণের সমন্বয় ঘটেছে।

মাদাইন সালাহ ও হাইলসহ সৌদির বিখ্যাত স্থাপত্য নিদর্শনের নকশা এবং মোটিফ এ ট্রেনের সজ্জায় সুনিপুণভাবে মিশে রয়েছে, যা দৃষ্টিনন্দন ও সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ ভ্রমণের অভিজ্ঞতা দেবে।

উচ্চাভিলাষী ড্রিম অব দ্য ডেজার্ট ট্রেন সৌদি অর্থনৈতিক ও সাংস্কৃতিক লক্ষ্য ‘ভিশন ২০৩০’-এর সঙ্গে সংগতিপূর্ণ। এ ট্রেনে থাকছে ১৪টি বগি। এতে অন্তর্ভুক্ত ৩৪টি বিলাসবহুল স্যুট, যা ভ্রমণকারীদের দেবে একান্ত মুহূর্তের অভিজ্ঞতা। রিয়াদ থেকে ট্রেনটি সাউদি অ্যারাবিয়া রেলওয়েজের (এসএআর) উত্তর নেটওয়ার্ক ধরে আল-কুরায়াতে গিয়ে ভ্রমণ শেষ করবে, চলার পথে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে রয়েছে সৌদি ঐতিহ্য ও প্রকৃতির বিস্ময়কর দৃশ্য।

এ ট্রেনে কিউরেটেড সাংস্কৃতিক প্রোগ্রাম অন্তর্ভুক্ত থাকবে।

সম্প্রতি সৌদি পরিবহন ও লজিস্টিক পরিষেবামন্ত্রী এবং এসএআরের চেয়ারম্যান সালাহ বিন নাসের আল জাসের জানান, একটি সমন্বিত পরিবহন নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে জাতীয় পরিবহন ও লজিস্টিক কৌশল নিয়ে এগোচ্ছে সৌদি আরব। ড্রিম অব দ্য ডেজার্ট ট্রেন সে দৃষ্টিভঙ্গির প্রতি প্রতিশ্রুতির প্রমাণ।

প্রকল্পটি মানসম্পন্ন অবকাঠামো তৈরির সৌদি উচ্চাকাঙ্ক্ষা তুলে ধরার পাশাপাশি দেশটিকে শীর্ষস্থানীয় বৈশ্বিক পর্যটন গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করবে বলে তাদের বিশ্বাস। ড্রিম অব দ্য ডেজার্ট ট্রেন ২০২৬ সালের তৃতীয় প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর) শেষ দিকে চালু হবে।

-B